# COMMUNIST PARTY OF INDIA (MARXIST)

WEST BENGAL STATE COMMITTEE
MUZAFFAR AHMAD BHAVAN
31, ALIMUDDIN STREET, KOLKATA-700 016

Telephone : (033) 2217-6633–35/400 85580/400 74512
Fax : (033) 2264-0721
e-mail : wbcpim@gmail.com


## সি পি আই (এম) পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির

## প্রেস বিবৃতি

এক মহিলা সাংবাদিক অভিযোগ করেন যে, ২৭ অক্টোবর ২০২৪ সকালে তন্ময় ভট্টাচার্য বাড়িতে সাক্ষাৎকার দেওয়ার সময় তাঁর সঙ্গে অশালীন ও শারীরিক অবমাননাকর আচরণ করেছেন। এই আচরণের সম্মুখীন হয়ে তিনি মানসিকভাবে ভীষণ বিধ্বস্ত হয়েছেন এবং এই ঘটনা সম্পর্কে পার্টির পদক্ষেপের দাবি করেছেন।

এই ধরনের যেকোনো অভিযোগ উঠলে সিপিআই(এম) তাকে গুরুত্ব দিয়ে দেখে। পেশাগত কাজ করতে যাওয়া মহিলা সাংবাদিকের সঙ্গে তন্ময় ভট্টাচার্যের আচরণ নিয়ে যে অভিযোগ উঠেছে পার্টি তাকে সমর্থন করে না। সিপিআই(এম)'র নেতৃত্ব, কর্মী ও দরদীদের কাছে মানুষ যে আচরণ প্রত্যাশা করে এটা তার সম্পূর্ণ পরিপন্থী।

তন্ময় ভট্টাচার্য সম্পর্কে উত্থাপিত মহিলা সাংবাদিকের এই অভিযোগ জনমানসে পার্টির ভাবমূর্তি ক্ষুন্ন করেছে।

অভিযোগের গুরুত্ব বিচার করে তন্ময় ভট্টাচার্যকে পার্টির সভ্য পদ থেকে সাসপেন্ড করা হয়েছে। মহিলা সাংবাদিকের উত্থাপিত অভিযোগটি পার্টির ইন্টার্নাল কমপ্লেন্ট কমিটি (আইসিসি)তে পাঠানো হয়েছে। আইসিসির সুপারিশের ভিত্তিতে পার্টি পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

২৭ অক্টোবর, ২০২৪
কলকাতা

W.B. STATE COMMITTEE C.P.I. (M) • Kol-16 • Muzaffar Ahmad Bhavan